



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
ঢাকা জেলা কার্যালয়
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, ঢাকা ১২০৭
www.doe.gov.bd

পরিবেশগত ছাড়পত্র

ছাড়পত্র নং: ২০-৫১৮৯৯

পরিবেশগত ব্যবস্থাপনা নিশ্চিতকরণ সাপেক্ষে সংযুক্ত শর্তে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হলো :

প্রতিষ্ঠান/প্রকল্পের নাম	: OSMAN INTERLININGS LTD
উদ্যোক্তার নাম	: SAYEEFUL ISLAM
সনাক্তকরণ নং	: ১০৮১৮৫
প্রতিষ্ঠান/প্রকল্পের কার্যক্রম	: ইন্টারলাইনিং তৈরীকরণ
প্রতিষ্ঠান/প্রকল্পের শ্রেণী	: Orange-B
প্রতিষ্ঠান/প্রকল্পের ঠিকানা	: PLOT #81, DEPZ (WEST), GANAKBARI, ASHULIA, SAVAR, DHAKA-1349
প্রদানের তারিখ	: ২৩/১২/২০২০ খ্রিঃ
মেয়াদ উত্তীর্ণের তারিখ	: ২২/১২/২০২১ খ্রিঃ



এ ছাড়পত্র সনদের সাথে পৃথকভাবে সংযুক্ত প্রদত্ত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে,
অন্যথায় ছাড়পত্র বাতিল/ক্ষতিপূরণ আদায়সহ যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিঃদ্রঃ এটি একটি সিস্টেম জেনারেটেড ছাড়পত্র এবং এতে কোনোরূপ স্বাক্ষরের প্রয়োজন নেই।

পরিবেশগত ছাড়পত্র জন্য প্রযোজ্য শর্তাবলী:

- ১ . কারখানাটির কোন কর্মকান্ড ও উৎপাদন প্রক্রিয়া দ্বারা কোনভাবেই পরিবেশ দূষণ করা যাবে না।
- ২ . কারখানাটিতে সৃষ্ট সকল বর্জ্য পরিকল্পিত উপায়ে সংগ্রহ অথবা পরিশোধনপূর্বক তা স্বাস্থ্য ও পরিবেশসম্মতভাবে অপসারণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ৩ . কারখানাটির বিরুদ্ধে ভবিষ্যতে পরিবেশ দূষণ মূলক কোন অভিযোগ উত্থাপিত এবং তা অত্র দপ্তর কর্তৃক প্রমাণিত হলে অত্র দপ্তরের নির্দেশিত নিয়ন্ত্রণ/সংশোধনমূলক ব্যবস্থা (স্থানান্তর/কার্যক্রম বন্ধসহ) গ্রহণ করতে আপনার প্রতিষ্ঠান বাধ্য থাকবে।
- ৪ . এ ছাড়পত্র গার্মেন্টস এক্সেসরিজ (ইন্টারলাইনিং) প্রস্তুতের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- ৫ . প্রতিষ্ঠানটির উৎপাদন প্রক্রিয়ার পরিবর্তন/বৃদ্ধির ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের অনুমতি গ্রহণ করতে হবে।
- ৬ . বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত ২০১০) এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭ (সংশোধিত ২০০২) এর সকল বিধি-বিধান প্রতিপালন করতে হবে।
- ৭ . ইএমপি প্রতিবেদনে উল্লেখিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়নপূর্বক সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।
- ৮ . অগ্নি নির্বাপনকল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থা সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।
- ৯ . কারখানায় উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট কঠিন বর্জ্য প্রকৃতি অনুসারে পৃথকভাবে সংগ্রহ করে recycle & reuse করতে হবে অথবা পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণকারী recycling কারখানার কাছে বিক্রয় করা যাবে।
- ১০ . কারখানার শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্য নিঃসরণ/নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।
- ১১ . কারখানার কর্মকান্ড দ্বারা মাটি, পানি ও বায়ু ও দূষণ করা যাবে না এবং কারখানা সৃষ্ট কঠিন বর্জ্য পরিবেশসম্মতভাবে অপসারণ করতে হবে যাতে কোন দূষণ বা উপদ্রব (Nuisance) সৃষ্টি না হয়।
- ১২ . কারখানার উন্মুক্ত স্থানের ন্যূনতম ৩৩% জায়গায় বৃক্ষরোপন করে সবুজায়ন হবে।
- ১৩ . প্রতিষ্ঠানটিতে পায়ের বিহীন এনার্জি সেভিং বাল্ব যেমন LED Bulb ব্যবহার করতে হবে।
- ১৪ . কর্মরত শ্রমিকদের জন্য Personal Protection Equipment যেমন-হ্যালমেট, ইয়ারপ্লাগ, নোজ মাস্ক, সেফটি গ্লাস ইত্যাদি ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ১৫ . এই ছাড়পত্র জারীর তারিখ হতে পরবর্তী ১(এক) বৎসরের জন্য বহাল থাকবে এবং মেয়াদ শেষ হবার অন্ততঃ ৩০(ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।
- ১৬ . এ পর্যায়ে প্রাপ্ত ও পরিবেশিত তথ্যের ভিত্তিতে এ ছাড়পত্র প্রদান করা হলো। পরবর্তীতে কোন তথ্য অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, অসত্য কিংবা গোপন করা হয়েছে মর্মে প্রমাণিত হলে এ ছাড়পত্র বাতিল করা হবে।
- ১৭ . এ ছাড়পত্রের মালিকানা হস্তান্তরযোগ্য নয়।
- ১৮ . এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।
- ১৯ . ছাড়পত্রের মূলকপি কারখানায় সংরক্ষণ করতে হবে এবং পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট টীম বা কোন কর্মকর্তা কারখানা পরিদর্শনে গেলে তাদেরকে কারখানার কার্যক্রম পরিদর্শনকালে সর্বাত্মক সহযোগিতা প্রদান করতে বাধ্য থাকবে।
- ২০ . উপরোক্ত অনুচ্ছেদে বর্ণিত শর্তের কোনটি ভংগ করলে এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে এবং আপনার প্রতিষ্ঠানের বিরুদ্ধে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫(সংশোধিত ২০১০) এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭ (সংশোধিত ২০০২) এবং শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬, অনুসারে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ২১ . ঢাকা আঞ্চলিক কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির ৩৫৫ তম সভার সিদ্ধান্ত নং ক-১৮, মোতাবেক এ পরিবেশগত ছাড়পত্রটি জারী করা হলো।